ইত্তেফাক



তারিখ ... 17 MAR 1986 ...
পৃষ্ঠা ... ... 1 কলাম 8 ... ...



মীরপুর টেকনিক্যালে শিক্ষার্থীদের বইপত্র ও যথাসর্বস্ব পোড়াইয়া [illegible] বহ্ন্যুৎসব ঘটায়

# মীরপুরে হাঙ্গামা ॥ ৪৭ জন ছাত্র-পুলিশ আহত

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (রবিবার) সকালে মীরপুর টেকনিক্যাল ট্রেনি সেন্টা-রের সম্মুখে ছাত্র-পুলিশ সংঘর্ষে ৪০ জন ছাত্র ও ৭ জন পুলিশ আহত হয়। আহতদের মধ্যে ৩০ জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে, ৪ জনকে পিজি, ২ জনকে সোহরাওয়ার্দী ও ২ জনকে পঙ্গু হাসপাতালে প্রেরণ করা হইয়াছে। উহার মধ্যে ৭ জনের অবস্থা আশঙ্কাজনক বলিয়া জানা গিয়াছে। ঘটনাস্থল হইতে পুলিশ ২৮ জনকে আটক করিয়াছে।

গত শনিবার রাতে আসাদ-গেটের নিকট একটি কোষ্টারের ধাক্কায় জনৈক পথচারী আহত হয়। বাসটি ট্রেনিং ইন্সটিটিউটের সম্মুখে পৌছিলে ছাত্ররা উহার গতিরোধ করিয়া দাঁড়ায় এবং ৫/৬জন বাসে উঠিয়া ড্রাইভারের নিকট কৈফিয়ত দাবী করে।

( ২য় পৃঃ দ্রঃ )

## মীরপুরে হাঙ্গামা

(১ম পৃঃ পর)

পথে কণ্ডাক্টর ধাক্কা দিয়া মোহা-ম্মদ শাহজাহান ও সংবংনামে ২ জন ছাত্রকে ফেলিয়া দেয়। বাসটি অন্য ছাত্রদের গাবতলী নিয়া রাতে আটকাইয়া রাখে। গতকাল সকালে এই খবরে ছাত্রদের মধ্যে উত্তেজনা ছড়া-ইয়া পড়ে এবং আটক ছাত্রদের উদ্ধারের উদ্দেশ্যে গাবতলী যাওয়ার পথে ছাত্ররা ১৫টি বাসের ক্ষতি সাধন করে। এই সময় শ্রমিকদের পক্ষ নিয়া একদল লোক ছাত্রদের উপরও হামলা চালায়।

ছাত্ররা সেন্টারের সম্মুখের রাস্তা 'ব্লক' ফেলিয়া যানবাহন বন্ধ করে এবং যানবাহনের ক্ষতি সাধন শুরু করে। এক-দল লোক লাঠিসোটা নিয়া মীরপুর ট্রেনিং সেন্টারের দিকে আসিতে থাকিলে ছাত্ররা রাস্তায় নামিয়া আসে এবং ৩টি মিনি-বাসের জানালার গ্লাস ভাঙ্গিয়া ফেলে। ঘটনাস্থলে পুলিশ আসিয়া প্রথমে লাঠিচার্জ শুরু করে। পুলিশের লাঠিচার্জের ফলে বহু ছাত্র আহত হয়। ছাত্ররা হোষ্টেল ও ট্রেনিং সেন্টারের ভিতরে আশ্রয় লইলে পুলিশ ও বহিরাগত ব্যক্তিরা হামলা চালায় এবং ছাত্রদের বেদম প্রহার করে। এক পর্যায়ে পুলিশ হোষ্টেলের ভিতরে প্রবেশ করিয়া লাঠিচার্জ করে। এই সময় বহিরাগতরা হোষ্টেলের কয়েকটি রুম তছনছ করে, আগুন ধরাইয়া দেয়। এই সংঘর্ষ চলা-কালে ছাত্ররাও পাল্টা পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করে ফলে ৭ জন পুলিশ আহত হয়। একজন পুলিশকে গুরুতর আহত অবস্থায় পুলিশ হাস-পাতালে প্রেরণ করা হই-য়াছে। সংঘর্ষের সময় উক্ত রাস্তায় যানবাহন চলাচল এবং আশেপাশের সকল দোকান-পাট বন্ধ হইয়া যায়। এই ব্যাপারে ঢাকা-আরিচাগামী বাস চালক সমিতি' মীরপুর থানায় মামলা দায়ের করিয়াছে। সংঘর্ষের সময় পুলিশ ঘটনাস্থল হইতে গাড়ীর চালক ও ছাত্রসহ মোট ২৮ জনকে থানায় নিয়া যায়। গতকাল রাত অবধি তাহাদের জিজ্ঞাসাবাদ করা হই-তেছিল বলিয়া পুলিশ উল্লেখ করে।